**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/20/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো নিউ ইয়র্কের জন্য সম্পূর্ণ জাতীয় জরুরী ব্যবস্থাপনার স্বীকৃতি ঘোষণা করেছেন

## *তৃতীয় বার নিউ ইয়র্ক জরুরি ব্যবস্থাপনার জন্য জাতীয় মানদণ্ড ছাড়িয়ে গেছে, এই স্বীকৃতি তা প্রতিষ্ঠা করে*

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউইয়র্ক স্টেট ন্যাশনাল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট অ্যাক্রেডিটেশন প্রোগ্রামের (National Emergency Management Accreditation Program) থেকে পূর্ণ স্বীকৃতি লাভ করেছে। 2004 থেকে এই তৃতীয় বার নিউ ইয়র্ক সফলভাবে তার জরুরী ব্যবস্থাপনার প্রোগ্রামের জন্য অ্যাক্রেডিটেশন অর্জন করেছে এবং জাতীয়ভাবে স্বীকৃত প্রোগ্রামের দ্বারা নির্ধারিত মান অতিক্রম করেছে। (Emergency Management Accreditation Program, EMAP) অ্যাক্রিডিটেশন পাঁচ বছরের জন্য বৈধ। নিউ ইয়র্ক জাতীয় মানদণ্ড অতিক্রম করতে থাকবে এবং পরবর্তী পর্যালোচনার জন্য প্রস্তুত হওয়ার সময় তাদের জরুরী ব্যবস্থাপনার সিস্টেমগুলি আরো ভালোভাবে গড়ে তুলবে।

"জরুরী অবস্থার সময় এটা গুরুত্বপূর্ণ যে রাজ্য ও স্থানীয় প্রতিক্রিয়ার দলগুলি নতুন ইয়র্কবাসী এবং আমাদের রাজ্যের সম্পদগুলি রক্ষার জন্য ওতপ্রোতভাবে জড়িত হয়ে কাজ করে," **গভর্নর কুওমো বলেন।** "এই স্বীকৃতি আমাদের সংস্থাগুলো গত এক দশক ধরে যে ব্যাপক প্রশিক্ষণ এবং সুবিশাল প্রস্তুতির ক্রিয়াকলাপ সম্পন্ন করেছে তার ফলাফল, এবং আমি আমাদের জরুরী ব্যবস্থাপনার পেশাজীবীদের এই সু-অর্জিত কৃতিত্বের জন্য অভিনন্দন জানাই।"

অ্যাক্রিডিটেশন প্রক্রিয়া বিভিন্ন এজেন্সি এবং সংস্থার কাছ থেকে কর্মী, সম্পদ এবং যোগাযোগের উপাদান পরীক্ষা করে যারা বিপর্যয়ের জন্য প্রস্তুতির এবং প্রতিক্রিয়া করার জন্য দায়ী। অ্যাক্রেডিটেশন অর্জনের জন্য, 64টি জাতীয় মান পূরণ করতে হবে, যা EMAP থেকে প্রশিক্ষিত মূল্যায়নকারীদের দল দ্বারা পরিচালিত হয় অনসাইট পিয়ার পর্যালোচনার মাধ্যমে। পর্যালোচনায় যে ক্ষেত্রগুলি পরিব্যাপ্ত তার মধ্যে আছে বিপজ্জনক পরিস্থিতির সনাক্তকরণ ও ঝুঁকির মূল্যায়ন, কর্ম সম্পাদন সংক্রান্ত পরিকল্পনা এবং পদ্ধতিসমূহ, ঘটনার ব্যবস্থাপনা, পারস্পরিক সহায়তা এবং পরিবহণ, যোগাযোগ এবং সতর্কতা, প্রশিক্ষণ এবং অনুশীলন, মূল্যায়ন ও সংশোধনমূলক ক্রিয়া, সুবিধাসমূহ ও সঙ্কটকালীন সরকারি তথ্য।

**নিউ ইয়র্ক স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগের (Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেছেন,** "গভর্নর কুওমোর নেতৃত্বে নিউ ইয়র্ক জাতীর অন্যতম শক্তিশালী সঙ্কটকালীন প্রতিক্রিয়ার ব্যবস্থাপনা উন্নয়ন করেছে। যখন আমরা ভবিষ্যদ্বাণী করতে পারছি না পরবর্তী দুর্যোগ কখন ঘটবে, আমরা চিন্তাশীল এবং উদ্ভাবনী পন্থা ব্যবহার করছি যাতে আমরা সব সময় সাড়া দিতে প্রস্তুত থাকি, জরুরী বিষয় যাই হোক না কেন। আমরা গর্বিত এই স্বীকৃতি আরো একবার অর্জন করতে পেরে এবং একটি আরো বেশি নিরাপদ এবং সুরক্ষিত নিউ ইয়র্ক তৈরি করা অব্যাহত রাখতে পারার জন্য উন্মুখ।"

**হ্যামিল্টন কাউন্টির পরিচালক, ওহাইও এমার্জেন্সি ম্যানেজমেন্ট এবং হোমল্যান্ড সিকিউরিটি এজেন্সি (Ohio Emergency Management and Homeland Security Agency) এবং EMAP কমিশনের (EMAP Commission) সভাপতি নিক ক্রসলে বলেন,** "অ্যাক্রেডিটেশন অর্জন করে জরুরি ব্যবস্থাপনায় এই উল্লেখযোগ্য সিদ্ধি অর্জনের জন্য নিউ ইয়র্ক রাজ্যকে অভিনন্দন। তাদের অঙ্গিকারবদ্ধতা এবং নেতৃত্বের মাধ্যমে তারা তাদের কর্মচারী, নাগরিক এবং স্টেকহোল্ডারদের কাছে প্রদর্শন করেছে যে তাদের কার্যক্রম টেকসই এবং নিরাপত্তা এবং সুরক্ষা একটি শীর্ষ অগ্রাধিকার।"

নিউ ইয়র্কের বিপদের দৃশ্যপট মার্কিন যুক্তরাষ্ট্রের সব চেয়ে অনন্য ও চ্যালেঞ্জিং, যার ফলে এটি গুরুত্বপূর্ণ যে রাজ্য একটি শক্তিশালী ও কার্যকর জরুরী ব্যবস্থাপনার ভঙ্গিমা বজায় রাখে। নিউ ইয়র্ক শহরের জনসংখ্যা এবং দেশের অর্থনীতিতে তার গুরুত্বপূর্ণ ভূমিকা সন্ত্রাসবাদীদের জন্য একে একটি শীর্ষ লক্ষ্য তৈরি করেছে শুধু তাই নয়, রাজ্যের ভৌগলিক অবস্থানের কারণে, নিউ ইয়র্ক নিয়মিতভাবে বন্যা, হারিকেন এবং টর্নেডোর মতো প্রাকৃতিক বিপদের সম্মুখীন হয়। আসলে 1954 সাল থেকে নিউ ইয়র্ক 97টি ফেডারেল এমার্জেন্সি ও দুর্যোগের ঘোষণা পেয়েছে, যা যুক্তরাষ্ট্রের অন্যতম সর্বাধিকগুলির মধ্যে একটি।

তার পদে আসীন হওয়ার পর থেকে গভর্নর কুওমো রাজ্যের সর্বত্র জরুরী প্রতিক্রিয়ার কার্যক্রম জোরদার করা এবং তা অব্যাহত রাখাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছেন। তাঁর নেতৃত্বে নিউ ইয়র্ক এই লক্ষ্য সম্পন্ন করার জন্য বেশ কয়েকটি বিভিন্ন কর্মসূচি, উদ্যোগ ও সংস্থান বাস্তবায়ন করেছে। 2015 সালে, গভর্নর NY রেস্পন্ডস (NY Responds) চালু করার ঘোষণা করেন, যা একটি ওয়েব-ভিত্তিক অ্যাপ্লিকেশন যা স্থানীয় সরকার এবং রাজ্য সংস্থাগুলোকে গুরুত্বপূর্ণ দুর্যোগ সংক্রান্ত তথ্য জমা দিতে এবং শেয়ার করতে সক্ষম করে, যার মধ্যে আছে ঘটনার রিপোর্ট এবং সংস্থানের অনুরোধ থেকে শুরু করে সংস্থানের এবং রিয়েল-টাইম ভিত্তিতে আবহাওয়া অবস্থার ট্র্যাকিং। উপরন্তু, নিউ ইয়র্ক স্টেট অ্যাসেট ম্যানেজমেন্ট সিস্টেম (New York State Asset Management System) বাস্তবায়িত হয়েছিল একটি বিপর্যয়ের আগে, সেই সময় এবং পরে, আরো কার্যকরভাবে সংস্থান ও সম্পদ ট্র্যাক করার ক্ষমতা উন্নত করার জন্য।

2014 সালে গভর্নর কুওমো নিউ ইয়র্কের সিটিজেনস প্রিপেরেডনেস কর্পস (New York's Citizen's Preparedness Corps) চালু করেন, যা প্রয়োজনীয় সরঞ্জাম ও সম্পদ দিয়ে নিউ ইয়র্কবাসীদের সজ্জিত করতে চায়, কোন ধরনের দুর্যোগ বা জরুরী অবস্থা থেকে উদ্ধার পাবার জন্য প্রস্তুত হতে, প্রতিক্রিয়া জানাতে এবং উদ্ধার পেতে। প্রতিটি কোর্সের সময়, নিউ ইয়র্কবাসীরা বিভিন্ন প্রস্তুতির

কৌশল শেখেন, যার অন্যান্য গুরুত্বপূর্ণ সাবধানতাগুলির মধ্যে আছে কিভাবে একটি পারিবারিক সঙ্কটকালীন পরিকল্পনা প্রস্তুত করতে হয়, কি কি সঙ্কটকালীন সামগ্রী সঞ্চয় করে রাখতে হয়। জন্মলগ্ন থেকে, 331,000 জনেরও বেশি নিউ ইয়র্কবাসীরা এই প্রশিক্ষণ সম্পন্ন করেছেন, যার মধ্যে আছে গত বছরের মোট 73,378 জন ব্যক্তির এই প্রশিক্ষণ সম্পন্ন করা।

**স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ সম্পর্কে**

দ্য ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (DHSES) সন্ত্রাসবাদ, মানব-সৃষ্ট ও প্রাকৃতিক বিপর্যয়, বিপদ, অগ্নিসংযোগের ঘটনা এবং অন্যান্য জরুরি পরিস্থিতি থেকে রক্ষা পেতে, তাদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে, প্রস্তুত থাকতে এবং উদ্ধার পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্বে সমন্বয় ও সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য DHSES ফেসবুক পেইজ পরিদর্শন করুন, টুইটারে @NYSDHSES এবং ইন্সটাগ্রামে অনুসরণ করুন অথবা dhses.ny.gov পরিদর্শন করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন